দৈনিক বাংলা

তারিখ 25/11/79
পৃষ্ঠা ... কলাম ...



# পিরোজপুরে ২৫ বছর ধরে ৮০০ একর জমি অনাবাদী পড়ে আছে

(সংবাদদাতা প্রেরিত)

পিরোজপুর, ২৩শে নভেম্বর।— পিরোজপুর থানাধীন দুর্গাপুর ইউনিয়নের ডাকাতিয়া ডেপুলিয়ার প্রায় ৮শ একর জমি গত ২৫ বছর ধরে অনাবাদী পড়ে আছে।

কালিগঙ্গা নদীর শাখা বাবলা খালটিকে পুনঃ সংস্কার করা হলে এই অনাবাদী বিলে আবার চাষাবাদ করা যেতে পারে। বাবলা খালের মধ্য দিয়ে তিনটি শাখা খাল কেটে ডাকাতিয়া ডেপুলিয়ায় প্রবেশ করানো হলে সম্পূর্ণ বিলটিকে চাষের আওতাধীনে আনা যাবে। প্রথমতঃ ডাকাতিয়ার মধ্য দিয়ে দক্ষিণ দিকে দুর্গাপুর খালের মোহনা পর্যন্ত নতুন খাল কাটতে হবে। দ্বিতীয়তঃ ডেপুলিয়ার মধ্যখান থেকে প্রবাহিত পুরাতন কেয়ারখালীটিকে পুনঃ সংস্কার করতে হবে। তৃতীয়তঃ কাঁঠালতলা খাল শেখবাড়িয়া খালের সাথে সংযুক্ত করতে হবে।

গত ২৫ বছর ধরে বাবলা খালটির অধিকাংশ ভরাট হয়ে যাওয়ায় ফলে এখানে কোন চাষবাস করা যাচ্ছে না।

ডেপুলিয়া ডাকাতিয়া বিলটিকে চাষের আওতাধীন করা হলে প্রতি মওসুমে ২০ হাজার মন ধান উৎপাদন করা যেতে পারে। গ্রামবাসীরা জানিয়েছেন তারা স্বেচ্ছাভিত্তিতে এই খাল খনন করতে ইচ্ছুক।